

২০১৯

বাংলা (স্নাতকোত্তর)

পাঠপর্যায় - ২

পাঠমালা - ২০৩

রবীন্দ্রসাহিত্য পাঠ

পূর্ণমান : ৫০

সময় : ২ ঘন্টা

সমস্ত প্রশ্নের উত্তর দাও

দক্ষিণ - প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক

পরীক্ষার্থীদের যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দেওয়া প্রয়োজন

বিভাগ - 'ক'

যে কোনো চারটি প্রশ্নের উত্তর লেখো

৪

X২=৮

১. 'শ্যামলী' কাব্যগ্রন্থে মোট কটি কবিতা অন্তর্ভুক্ত হয়েছে? প্রথম ও শেষ কবিতাদুটির নামোল্লেখ করো।
২. 'শ্যামলী' কাব্যগ্রন্থটি কবে প্রকাশিত হয়? এটি কাকে উৎসর্গ করা হয়েছে?
৩. 'যে অপরাধের শাস্তি দেবার কেউ নেই সেটা পাপ হতে পারে কিন্তু অপরাধ নয় - কে কাকে বলেছে? প্রসঙ্গ নির্দেশ করো।
৪. 'আধুনিক যুগে তার একটার বেশি মুণ্ডু ও দুটোর বেশি হাত দিতে সাহস হল না - কার সম্পর্কে একথা বলা হয়েছে? উক্ত রচনার উৎস নির্দেশ করো।
৫. 'শচীশ সম্পর্কে গোড়াতেই আমি দুইটা মস্ত ঘা খাইয়াছি - বক্তা এখানে কোন দুটি বিষয় উল্লেখ করেছেন?
৬. 'চতুরঙ্গ' উপন্যাসে জ্যাঠামশাইয়ের মৃত্যু ঘটেছে কোন অংশে? উপন্যাসের এই অংশের প্রকাশ-সংক্রান্ত তথ্য উল্লেখ করো।
৭. 'ক্ষুধিত পাষণ' গল্পে উল্লিখিত রাজ্য ও নদীটির নাম লেখো।
৮. 'ল্যাবরেটরি' গল্পটি কোন বই থেকে গৃহীত? গল্পটির প্রকাশ-সংক্রান্ত তথ্য উল্লেখ করো।

পরের পৃষ্ঠায় দেখো

যে কোনও চারটি প্রশ্নের উত্তর লেখো

৪

X৪=১৬

১. 'আমাকে মানুষ ক'রে গড়তে / রেখেছেন আধাআধি' - বক্তা এখানে কোন কোন খামতির কথা উল্লেখ করেছেন?
২. 'সেদিন কবিত্বহীন বিধাতা একা রবেন বসে' - প্রসঙ্গ উল্লেখ করে উদ্ধৃতাংশের তাৎপর্য লেখো।
৩. কিশোর চরিত্রটি 'রক্তকরবী'র কোন পাণ্ডুলিপিতে অন্তর্ভুক্ত হয়েছে? এই অন্তর্ভুক্তির তাৎপর্য আলোচনা করো।
৪. 'রক্তকরবী'তে যে গানটি বারবার আবর্তিত হয়েছে, নাট্যবস্তুর সঙ্গে তার সম্পর্ক আলোচনা করো।
৫. 'চতুরঙ্গ' উপন্যাস অবলম্বনে বাংলাদেশে পজিটিভিজমের প্রভাব সম্পর্কে আলোচনা করো।
৬. 'চতুরঙ্গ' উপন্যাসে ননীবালা ও নবীনের স্ত্রীর আত্মহত্যার প্রসঙ্গদুটির তুলনামূলক আলোচনা করো।
৭. 'এবং দ্বিতীয় ভ্রান্তিপাশে পড়িবার জন্য চিত্ত ব্যকুল হয়' - কার সম্পর্কে একথা বলা হয়েছে? 'দ্বিতীয় ভ্রান্তিপাশ' কথাটির তাৎপর্য আলোচনা করো।
৮. 'একরাত্রি' গল্পের বর্ষণমুখর রাত্রিটির সংক্ষিপ্ত বিবরণ দাও।

বিভাগ - 'গ'

যে কোনো দু'টি প্রশ্নের উত্তর লেখো

৮ X ২ = ১৬

১. 'শ্যামলী' কাব্যগ্রন্থের আখ্যানমূলক কবিতাসমূহের রচনাশৈলী ও বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।
২. 'রক্তকরবী' নাটকে রাষ্ট্রশক্তির সঙ্গে সাধারণ মানুষের দ্বন্দ্বের বিষয়ে সংক্ষেপে আলোচনা করো।
৩. 'শচীশ না শ্রীবিলাস' - কাকে 'চতুরঙ্গ' উপন্যাসের নায়ক বলা যেতে পারে? উত্তরের সপক্ষে যুক্তি দেখাও।
৪. 'পোস্টমাস্টার' গল্পের নামকরণের মধ্যে যে গভীর তাৎপর্য রয়েছে তা বিশ্লেষণ করো।

(আভ্যন্তরীণ মূল্যায়ন - ১০)